রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ ইং

**এস, আর, ও নং ১৯০-আইন/২০০৩/৩৮৬-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর বিলুপ্ত উপ-বিধি (১৩) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (১৩ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১৩ক) তালিকাভুক্ত ব্যক্তি সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্ধারিত বার্ষিক টার্নওভার কর উপ-বিধি (৪) বা উপ-বিধি (৫) এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধে ব্যর্থ হইলে সুপারিনটেনডেন্ট তাহার উপর সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অর্থদন্ডসহ, অনাদায়ী পরিমাণের উপর মাসিক দুই শতাংশ হারে অতিরিক্ত কর আরোপ করিতে পারিবেন।";

(খ) বিধি ৩৪ক এর সর্বত্র "টিআর-৪১" শব্দগুলি, চিহ্ন এবং সংখ্যার পরিবর্তে "টিআর-৩১" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) ফরম "মূসক-১৯" এর অফিসে ব্যবহারের জন্য অংশে "পরিদর্শক" শব্দের পরিবর্তে "ইন্সপেক্টর" শব্দ প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাফী**

প্রথম সচিব

(মূসক ঃ নীতি ও বাজেট)।



মূল্যঃ টাকা ২.০০

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ ইং

এস, আর, ও নং ১৯১-আইন/২০০৩/৩৮৭-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৫-আইন/২০০৩/৩৭৩-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ৩৮.০৮ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) "৩৮০৮.২০.১০" এর পরিবর্তে সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) "৩৮০৮.২০.১১" প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, রিয়াজুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

---

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ ইং

এস, আর, ও নং ১৯২-আইন/২০০৩/৩৮৮-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৯-আইন/২০০৩/৩৭৭-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে **খুচরা মূল্যের ভিত্তিতে উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর** আরোপিত হইবে বলিয়া স্থির করিল, যথা ঃ—

টেবিল

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco, manufactured mechanically) |
| ৩৮.০৮ | সংশ্লিষ্ট এইচএস কোড | এ্যারোসোল, ডিজইনফেকট্যান্ট |

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, রিয়াজুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

---

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ ইং

**এস, আর, ও নং ১৯৩-আইন/২০০৩/৩৮৯-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪কক) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭১-আইন/২০০৩/৩৭৯-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৫৬ এবং উহার বিপরীতে কলাম (২) এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, রিয়াজুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

---

(মূল্য সংযোজন কর)

আদেশ

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ইং

**এস, আর, ও নং ১৯৪-আইন/২০০৩/৩৯০-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বোর্ডের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের আদেশ এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৩/৩৮৩-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) "২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৪) এ বর্ণিত "টাঃ ৩.০০" শব্দ, সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে "টাঃ ২.৮৩০২" শব্দ, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাফী**

প্রথম সচিব

(মূসক ঃ নীতি ও বাজেট)।

---

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ইং

**এস, আর, ও নং ১৯৫-আইন/২০০৩/৩৯১-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২, ধারা ৬(৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৬-আইন/২০০৩/৩৮৪-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ফরম এ উল্লিখিত—

(ক) "বিধি-[৭] দ্রষ্টব্য" শব্দগুলি, চিহ্ন এবং সংখ্যার পরিবর্তে "[বিধি-৮ দ্রষ্টব্য]" চিহ্ন, শব্দগুলি এবং সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) "মোট ব্যান্ডরোল এর পরিমাণ ৬=৩+৫" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "মোট ব্যান্ডরোল এর পরিমাণ ৬=৩+৪" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাফী**
প্রথম সচিব
(মূসক ঃ নীতি ও বাজেট)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।